

## তৃতীয় পাঠ

### ঈশ্বর তোমাকে সৃষ্টি করেছেন



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ-

ঈশ্বর নিজ প্রতিমূর্তিতে প্রথম নরনারী সৃষ্টি করেন। তিনি চাইলেন তাদেরকে তার নিজ সন্তানরাপে। কারণ তিনি তাঁর সন্তানদের তত্ত্বাবধান করেন। ঈশ্বর তোমাকেও চান যেন তুমি তার সন্তান হও। তুমি সুখী হবে যদি ঈশ্বর যা বলেন তা কর।



বাইবেল থেকে এই অংশ  
জোরে পাঁচবার পড়।

আর সদাপ্রভু ঈশ্বর মাটির ধূলায় আদমকে  
(অর্থাৎ মানুষকে)  
নির্মাণ করলেন এবং তার নাকে ফুঁ  
দিয়ে প্রাণবায়ু প্রবেশ করালেন,  
তাতে মানুষ সজীব প্রাণী হলো। আদি ২:৭

এটা কি করতে পার ?

উত্তরগুলোর মধ্যে যে শব্দগুলো বাদ গেছে সেগুলো লেখ।

১। প্রথম মানুষের দেহ তৈরী করতে গিয়ে ঈশ্বর কি ব্যবহার করলেন?

ধূ -----মা-----।

২। ঈশ্বর তোমাকে কি হতে বলেন ?

তার স -----

## সঠিক উত্তর

১। ধূলা, মাটি

২। সন্তান

ঈশ্বর তার প্রতিমূর্তিতে প্রথম মানুষ সৃষ্টি করেন।  
নীচে ● বিন্দু হতে ● বিন্দু পর্যন্ত এই শব্দগুলির নীচে লাইন টান।

ঈশ্বর প্রথম মানুষকে মাটির ধূলা থেকে নির্মাণ করেন।  
তিনি নিজের প্রাণবায়ু তার মধ্যে প্রবেশ করান।  
● এই প্রথম মানুষের নাম রাখলেন তিনি আদম। ●

আদম



দেখতে ও



শুনতে  
পারতো।

আদম




হাটতে ও



কথা বলতে  
পারতো।

আদম



কাজ করতে ও  
খেলতে পারতো।

আদম চিন্তা ও অনুভব করতে পারতো।

ঈশ্বর যেমন তাকে ভালবাসতেন, সেও তেমন ঈশ্বরকে ভালবাসত।

● আদম ঈশ্বরের সন্তান ছিল। ●

ঈশ্বর আদমকে ভালবেসে তার যত্ন নিলেন।

আদমের জন্য তিনি সুন্দর এক বাগান বাড়ী বানািলেন।

সেই বাগানের নাম রাখলেন তিনি এদেন।

যেখানে চারা গাছ ও সুন্দর সুন্দর ফুল ছিল।

সবুজ মাঠে ও নদীতে ঠান্ডা জল ছিল। সুন্দর

পাখী ও প্রিয় জীবজন্তু ছিল। সেখানে খাবার জন্য

সুন্দর ফল ছিল। ● (অর্থাৎ) ঈশ্বর যা সৃষ্টি

করেছিলেন সব কিছু বেশ সুন্দর ছিল। ●

আদম সত্যিই সুন্দর এক জগতে বাস করতো।





● ঈশ্বর আদমকে কাজ করতে দিলেন । ●

নিজের হাতে তাকে কাজ করতে দিলেন ।

আদম তার সুন্দর বাগানের যত্ন নিল ।

ঈশ্বর আদমকে চিন্তার জন্য কিছু কাজ দিলেন।

আদম সব পশু পাখীর নাম রাখলো ।

ঈশ্বর তাকে সাহায্য করলেন যেন কাজগুলো ঠিক মত হয়।

● আদম খুব খুশী হলো যখন ঈশ্বরের দেওয়া কাজগুলো সে করলো। ●

আদম ঈশ্বরকে খুশী করতে চেয়েছিল এবং সে তা পেয়েছিল।



ঈশ্বর প্রতিদিন বাগানে আসতেন। তিনি ও আদম একে অন্যের সঙ্গে কথা বলতেন। তারা একে অন্যকে প্রেম করতেন।



আদম তার প্রিয় জন্তুগুলোকে ভালবাসতো। সে সুন্দর পাখীগুলোকে ভালবাসতো। ঈশ্বরের সঙ্গে কথা বলতে তার ভাল লাগতো। কিন্তু আদমের অন্য আরও কিছুর বাসনা ছিল। ঈশ্বর জানতেন আদমের কি প্রয়োজন।

● ঈশ্বর সর্বদা তার সন্তানদের প্রয়োজন জানেন। ●

ঈশ্বর আদমকে শোয়ালেন ।

তার পাঁজর থেকে হাঁড় নিলেন । সেই হাঁড়

থেকে তিনি এক নারীকে সৃষ্টি করলেন।

সেই নারী আদমকে সুখী করবে ও সাহায্য করবে।

ঈশ্বর আদমকে জানালেন এবং সেই নারীকে দেখালেন।

ঈশ্বর দেয়া রমণীকে আদম ভালবাসল।

আদম তার নাম রাখলো 'হবা' ।

আদমের স্ত্রী হলো (এইভাবে)

আদম ও হবা পৃথিবীর প্রথম নারী ও পুরুষ ।



আদম ও হবা দুজন একত্রে বাগানে খুব সুখী ছিল।

তাদের সুন্দর বাড়ীকে তারা ভালবাসতো।

তারা একে অন্যকে ভালবাসতো।

ঈশ্বরকেও তারা ভালবাসতো।

- তারা একত্রে ঈশ্বরের সঙ্গে পথ চলতো ও তাঁর সঙ্গে কথা বলতো। ●

ঈশ্বর তোমাকে ও সৃষ্টি করেছেন এবং তিনি চান যেন তুমি তাঁর মত হও।

ঈশ্বর তোমাকে আদমের মত বড় করে সৃষ্টি করেননি। তিনি

প্রথমে তোমাকে শিশু হিসাবে সৃষ্টি করেছেন। তোমার দেখা

শোনার জন্য তিনি বাবা মা দিলেন।

- ঈশ্বর তোমাকে ভালবাসেন যেমন করে তিনি আদমকে ভালবাসতেন।

ঈশ্বর তোমারও পিতা হতে চান। ●



ঈশ্বর চান তুমি সুখী হও।

তোমার জন্যও কিছু কাজ আছে।

তোমার হাত ও মনের কাজ।

চেষ্টা কর তোমার কাজ ভালভাবে করতে।

চেষ্টা কর ঈশ্বরকে খুশী করতে, যেমন

আদম করেছিল। ● ঈশ্বর যা তোমাকে

করতে বলেন তা করলে তোমরা সুখী হবে। ●

তুমি কি চাও যে ঈশ্বর তোমার কাজে তোমাকে সাহায্য করেন। এই

প্রার্থনাটি মুখস্থ কর এবং প্রতিদিন সকালে তা বল।

প্রার্থনা

ধন্যবাদ, প্রভু যে তুমি আমাকে খেলতে ও

কাজ করতে দিয়েছ। প্রার্থনা জানাই, তুমি আমার

কাজে আমাকে সাহায্য কর। আজকের

দিনে যা বলি ও করি প্রতিটি কাজে

তোমাকে খুশী করতে আমাকে সাহায্য কর।

এবারে তুমি তৃতীয় পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।

